



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার লেটার নং-ডিএমডি-০১/২০১৬

তারিখ : ০৭/০৯/২০১৬ ইং

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট, ঢাকা।

প্রিয় মহোদয়,

“জাতীয় সঞ্চয় স্কিম এর মুনাফা হতে উৎসে কর কর্তন/আদায়” প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদেরকে অবহিত করা যাচ্ছে যে, অর্থ আইন, ২০১৬ এর মাধ্যমে The Income Tax Ordinance, 1984 এর section 52D এর পরিবর্তে সংশোধিত section 52D প্রতিস্থাপন করা হয়েছে এবং 52DD সংযোজন করা হয়েছে।

২। প্রতিস্থাপিত ধারা অনুযায়ী ব্যক্তি শ্রেণির পাশাপাশি প্রাতিষ্ঠানিক অর্থাৎ অনুমোদিত সুপারএ্যানুয়েশন ফান্ড বা পেনশন ফান্ড বা গ্র্যাচুয়িটি ফান্ড বা স্বীকৃত ভবিষ্য তহবিল বা শ্রমিক মুনাফা অংশ গ্রহণ ফান্ড দ্বারা ক্রয়কৃত সেভিংস ইনস্ট্রুমেন্টের (সঞ্চয়পত্রের) সুদ প্রদান কালে ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে।

৩। নতুন সংযোজিত ধারা অনুযায়ী শ্রমিক অংশ গ্রহণ তহবিল থেকে কোন সুবিধাভোগীকে অর্থ পরিশোধের সময় উক্ত অর্থের উপর ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে।

৪। এক আয় বৎসরে পুঞ্জিভূত বিনিয়োগ বা এককালীন ৫ লক্ষ টাকা পর্যন্ত পেনশনার সঞ্চয়পত্র বিনিয়োগের উপর প্রাপ্য সুদ থেকে আয়কর কর্তন করা যাবে না।

৫। ওয়েজ আর্নার ডেভলেপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড, ইউরো ইনভেস্টমেন্ট বন্ড, পাউন্ড স্টার্লিং ইনভেস্টমেন্ট বন্ড বা পাউন্ড স্টার্লিং প্রিমিয়াম বন্ড থেকে উদ্ধৃত সুদ হতে আয়কর কর্তন করা যাবে না।

৬। অর্থ আইন, ২০১৬ এর উৎসে কর সংক্রান্ত নির্দেশনা ০১/০৭/২০১৬ তারিখ থেকে কার্যকর হবে।

৭। উল্লিখিত নির্দেশনার সংশ্লিষ্ট অংশের কপি (এতদসঙ্গে সংযুক্ত) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এবং আপনাদের আওতাধীন তফসিলি ব্যাংকসমূহকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(মোঃ আওলাদ হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৩১

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৩/৩০ জুন, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৩ মোতাবেক ৩০ জুন, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

### ২০১৬ সনের ২৮ নং আইন

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন অর্থ আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের দ্বিতীয় অধ্যায় এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৭৪ অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই আইনের তৃতীয় অধ্যায় এবং চতুর্থ অধ্যায়ের ধারা ৭৪ ব্যতীত অন্যান্য ধারাসমূহ, ২০১৬ সনের ১ জুলাই তারিখে কার্যকর হইবে।

( ১১৭৯১ )

মূল্য : টাকা ৮০.০০

